B24–BN

Subject Code : 02

2024

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 100
Pass Marks : 30

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions.

পরীক্ষার্থীরা ক– বিভাগ ও খ– বিভাগ

অথবা

ক– বিভাগ ও গ– বিভাগ-এর উত্তর একই খাতায় লিখবে।

GROUP—A

(বিভাগ—ক)

(মূল্যাংক : ৭৫)

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৬=৬

(ক) 'সাগর সঙ্গমে নবকুমার' পাঠটির লেখক কে?

(খ) কলিকাতা ছাত্রমণ্ডলীর প্রতিষ্ঠাতা কে?

(গ) অরুণিমা কত সালে পদ্মশ্রী সম্মান লাভ করেছিলেন?

(ঘ) অরুণিমা কোন্ খেলায় পারদর্শী ছিলেন?

(ঙ) ''নয়নের মণি মোর নয়ন হারাবে!'' উক্তিটি কার?

(চ) 'গিরীশের রাণী' বলতে কাকে বোঝানো হয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৬=১২

(ক) নবকুমার কোথায়, কীভাবে পরিত্যক্ত হয়েছিল?

(খ) আনন্দমোহন বোম্বাই শহরে কী দেখে আসেন?

(গ) কারা অরুণিমাকে অনুপ্রেরণা দিয়েছিলেন?

(ঘ) তোতার পাণ্ডিত্যকে লেখক কার সঙ্গে তুলনা করেছেন?

(ঙ) ''তার মুক্তির উপায় বলে দিতে পারো?'' কে, কাকে এ প্রশ্ন করেছিল?

(চ) 'প্রার্থনা' কবিতার কবি কে? 'তাতল' শব্দের অর্থ কী?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৩×৩=৯

(ক) ছেলেবেলা থেকে বলাইয়ের কী অভ্যাস ছিল?

অথবা

কাপালিককে নবকুমার কোথায়, কী অবস্থায় দেখতে পায় তা বর্ণনা করো।

JobAssam.in

(খ) নবান্ন উৎসব সম্পর্কে যা জান, লেখো।

অথবা

গুরু রামদাস কীভাবে শিবাজীকে পরীক্ষা করতে চেয়েছেন?

(গ) মেজবাবুর মেয়ের বিয়েতে যাওয়ার জন্য জয়রাম কী উপায় করেছিলেন এবং কেন?

অথবা

জীবনের কোন্ কোন্ ক্ষেত্রে কম্পিউটার অনুপ্রবেশ করেছে, লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৪×৪=১৬

(ক) কাপালিকের পর্ণ কুটিরে নবকুমার কী কী দেখেছিল তার বিবরণ দাও।

অথবা

''জানতে পেরেছে। ওরা অন্তর্যামী কিনা।'' উক্তিটি কার? ওরা বলতে এখানে কাদের কথা বলা হল? এখানে জানার ব্যাপারটা কী, ব্যাখ্যা করো।

(খ) ''একই ভুল, দুবার করলুম''—কে, কেন একথা বলেছেন? এখানে ভুলটা কী?

অথবা

বলাই কখন চমকে উঠে তার কাকিমাকে কী অনুরোধ করেছিল? শিমলা থেকে সে চিঠিতে কী লিখে পাঠিয়েছিল?

(গ) 'গ্রাম্যচ্ছবি' কবিতা অবলম্বনে গ্রামের ঘরবাড়ির সৌন্দর্য কেমন তা বর্ণনা করো।

অথবা

''মাধব, হাম পরিণাম নিরাশা''—কবির এমন মনোভাবের কারণ কী? 'প্রার্থনা' কবিতা অবলম্বনে আলোচনা করো।

(ঘ) 'বিজয়া-দশমী' কবিতার সারাংশ লেখো।

অথবা

'আবার আসিব ফিরে' কবিতায় কোন্ কোন্ নদীর কথা বলা হয়েছে? কবি কীভাবে কাঁঠাল ছায়ায় আসবেন বলে আশা করেন?

JobAssam.in

৫। নির্দেশ অনুসারে উত্তর দাও :

(ক) যৌগিক বাক্যে পরিবর্তন করো : ১

মিথ্যাবাদী মিনুকে সকলে ঘৃণা করে।

(খ) প্রত্যয় নির্ণয় করো (যে কোনো একটি) : ১

কাঁদুনি ; পাটনাই।

(গ) সন্ধিবিচ্ছেদ করো (যে কোনো একটি) : ১

সূর্যোদয় ; নরেন্দ্র।

(ঘ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো (যে কোনো একটি) : ১

পঞ্চবটী ; জ্ঞানবৃক্ষ।

(ঙ) বাগ্‌ধারার অর্থ লিখে বাক্য রচনা করো (যে কোনো একটি) : ২

উড়োকথা ; ডানাকাটা পরী।

(চ) ণত্ব-বিধি ও ষত্ব-বিধি নির্ণয় করো (যে কোনো একটি) : ১

অগ্রণী ; বিষম।

(ছ) বাক্য সংকোচন করো (যে কোনো একটি) : ১

যে পরে জন্মগ্রহণ করেছে ; যা বলা যায় না।

(জ) বিরাম চিহ্ন বসাও : ২

কাপালিক অগ্নি জ্বালিত করিয়া কহিল ফলমূল যাহা আছে আত্মসাৎ করিতে পার

JobAssam.in

৬। ভাব-সম্প্রসারণ করো :

"মেঘ দেখে কেউ করিসনে ভয়,
আড়ালে তার সূর্য হাসে।"

৪

অথবা

তোমার এলাকায় স্তূপীকৃত আবর্জনা নিষ্কাশন করে পরিবেশ দূষণমুক্ত করার জন্য নগর সমিতির সভাপতির নিকট একখানি আবেদনপত্র লেখো।

৭। যে কোনো একটি বিষয়ে রচনা লেখো :

৮

(ক) কম্পিউটার

[সংকেত সূত্র : আবিষ্কার ও প্রথম যুগের কম্পিউটার—আধুনিক কম্পিউটার—মানব জীবনে এর ভূমিকা—সমস্যা—উপসংহার।]

(খ) অসমের বনভূমি সংরক্ষণ

[সংকেত সূত্র : সূচনা—বনভূমি ও মানবজীবন—বনভূমি—উচ্ছেদ ও সংরক্ষণ—উপকারিতা—উপসংহার।]

(গ) ছাত্র জীবনের দায়িত্ব ও কর্তব্য

[সংকেত সূত্র : বিদ্যারম্ভ এবং অধ্যয়ন—পরিবার ও গুরুজনের প্রতি দায়িত্ব—সুনাগরিক হয়ে ওঠা—সামাজিক কর্তব্য—উপসংহার।]

দ্রুতপঠন

(বৈচিত্র্যপূর্ণ অসম)

৮। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) তোমার পাঠ্যবই অবলম্বনে যে কোনো দুটি জনগোষ্ঠীর সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩×২=৬

(খ) তোমার পাঠ্য বইয়ের দুটি জনগোষ্ঠীর যে কোনো দুজন স্বনামধন্য ব্যক্তি সম্পর্কে যা জান, লেখো। ২×২=৪

JobAssam.in

GROUP—B

(বিভাগ—খ)

(*মূল্যাংক* : ২৫)

৯। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৩=৩

(ক) সাজাহানের জ্যেষ্ঠ পুত্রের নাম কী ?

(খ) ''দারা পুত্র পরিবার...''—এখানে 'দারা' শব্দের অর্থ কী ?

(গ) 'মাতৃমুক্তি পণ' কে করেছিল ?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) দারার স্ত্রীর নাম কী ? তিনি কার কন্যা ?

(খ) সরস্বতী কুণ্ডীর নীল জলে থাকা দুটি জলচর পাখির নাম লেখো।

১১। টীকা লেখো (যে কোনো দুটি) : ২×২=৪

মোরাদ ; পলাশি ; যুগলপ্রসাদ।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৩

(ক) সরস্বতী কুণ্ডীর সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(খ) জাহানারা সম্পর্কে যা জান, লেখো।

(গ) বনে পথ হারিয়ে লেখক কী করে দিক নির্ণয় করেছিলেন ?

JobAssam.in

১৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) কবির (নজরুল ইসলাম) মতে অসহায় জাতি কারা এবং কেন তারা অসহায়, বুঝিয়ে লেখো। ৩×২=৬

(খ) কবির (হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়) মতে লোকে কী করে দুঃখের ফাঁস গলায় প'রে?

(গ) সম্রাট সাজাহান সম্পর্কে যা জান, লেখো।

১৪। নির্দেশ অনুযায়ী উত্তর দাও :

(ক) অশুদ্ধি সংশোধন করো (যে কোনো একটি) : ১

আকাংখা ; তিরুস্কার।

(খ) বিপরীতার্থক শব্দ লেখো (যে কোনো দুটি) : ১×২=২

আভরণ ; গ্রহণ ; বধূ।

(গ) প্রবাদ-প্রবচনের অর্থ লেখো (যে কোনো দুটি) : ১×২=২

অতি লোভে তাঁতি নষ্ট; অল্পবিদ্যা ভয়ঙ্করী; চোরা না শুনে ধর্মের কাহিনি।

(ঘ) বাগ্‌ধারার অর্থ লিখে বাক্য রচনা করো (যে কোনো একটি): ২

ইঁচড়ে পাকা ; জোঁকের মুখে চুন।

JobAssam.in